

PAVE Newsletter

Peace Ambassadors' Response to COVID-19 Outbreak

উখিয়ায় ত্রাণ সহায়তা অব্যাহত রাখলেন সম্মানিত পিস এ্যাম্বাসেডর, সরওয়ার জাহান চৌধুরী। - মুহাম্মদ আব্দুর রব খাঁন, কক্সবাজার।



সামাজিক সমস্যায় জর্জরিত উখিয়ায় দরিদ্র মানুষের মাঝে ত্রাণ সহায়তা অব্যাহত রাখলেন সম্মানিত পিস এ্যাম্বাসেডর, উখিয়া উপজেলা বিএনপির সভাপতি এবং উক্ত উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান জনাব সরওয়ার জাহান চৌধুরী। উল্লেখিত কার্যক্রমের অংশ হিসেবে ২৯ এপ্রিল(বুধবার) সকাল ১০ টায় স্থানীয় একেএনসি উচ্চ বিদ্যালয়ের খেলার মাঠে ৬০০ দরিদ্র ও নিম্ন-আয়ের পরিবারের মাঝে তিনি সামাজিক দূরত্ব বজায় রেখে চাল,

ডাল, আলু, তেল ইত্যাদি খাদ্য সামগ্রী বিতরণ করেন। এসময় জনাব চৌধুরী বলেন, রোহিঙ্গা শরণার্থীদের কারণে বাংলাদেশের সবচেয়ে বেশি সামাজিক সমস্যাগ্রস্ত উপজেলা হল উখিয়া। মাদক এবং রোহিঙ্গাদের নানা ধরনের অপকর্মের কারণে এখানকার মানুষেরা এমনিতেই দিশেহারা। ঠিক এমন সময়ে মড়ার উপরে খাড়ার ঘা এর মত করোনা ভাইরাসের আক্রমণের কারণে সমগ্র কক্সবাজার লকডাউন হয়ে যাওয়ায় স্থানীয় লোকজন কর্মহীন হয়ে আরো কঠিন সমস্যার মধ্যে পড়েছে।



এমতাবস্থায় এলাকার সন্তান হিসেবে অসহায় মানুষকে যেকোন ধরনের সাহায্য করা আমার নৈতিক ও মানবিক দায়িত্ব বলে মনে করি। এছাড়াও তিনি উখিয়ার সকল

রাজনৈতিক দলের নেতৃবৃন্দের উদ্দেশ্যে বলেন, মহামারীর এই দুঃসময়ে আমাদের সকলের উচিত রাজনৈতিক বিভেদ ভুলে গিয়ে জনগণের পাশে দাঁড়ানো। তাহলেই আমরা সত্যকারের রাজনীতিবিদ হয়ে উঠার স্বার্থকতা খুঁজে পাব। উখিয়ার মানুষকে দুর্যোগ থেকে রক্ষা করার জন্য এসময়



তিনি সকল রাজনীতিবিদ, সমাজপতি, বিত্তবান, পেশাজীবী ও ধর্মীয় নেতাদের ঐক্যবদ্ধ হয়ে জনগণের পাশে দাঁড়ানোর জন্য উদাত্ত আহ্বান জানান। তিনি আরো বলেন অসহায় মানুষের জন্য তার ব্যক্তিগত ও উপজেলা বিএনপির পক্ষ থেকে এধরণের কার্যক্রম চলমান থাকবে। উল্লেখ্য, সম্মানিত পিএফজি সদস্য ও উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক জনাব সুলতান মাহমুদ চৌধুরী, পিএফজি সদস্য ও উপজেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক জনাব দলিলুর রহমান শাহিন এবং পালংখালী ইউনিয়ন বিএনপির নেতৃবৃন্দ তাঁর এই কাজে সার্বিক সহযোগিতা করেছেন।

ইয়ুথ এম্বাসেডর ছাত্রনেতা নয়ন নিজের জন্য ঈদের শপিং না করে সেই টাকা জমা দিলেন সিটি মেয়রের ত্রান তহবিলে। - আল আমিন মিয়া, রাজশাহী।

অন্ধকারে ডুবে যাওয়া ছাত্রলীগের আলোর দিশারি হয়ে ন্যায়, নীতি, আদর্শ ও ভালোবাসার উদীয়মান প্রতীক হয়ে, আল্লাহকে ভরসা করে করোনা ভাইরাসের মোকাবেলা করতে সামাজিক সতর্কতা বাণী ও অসহায় দুস্থ মানুষগুলোর পাশে থেকে সহযোগিতার হাত বাড়িয়ে যে উদার মানসিকতার পরিচয় দিয়েছে তার নাম 'মাজিদুর

রহমান নয়ন' এ কথাগুলো ফেসবুক পোস্টে লিখেছেন মেহেদী হাসান অন্তর।

এসব লেখার কারণও আছে বটে। চলমান করোনা ভাইরাস জনিত মহামারী ও সংকট মোকাবেলায় নয়ন কাজ করে যাচ্ছেন একজন অপরায়ে যোদ্ধা হিসেবে। সর্বশেষ পরিবারের বড়দের কাছ থেকে পাওয়া ঈদ খরচ বাবদ পাওয়া ঈদ শপিং এর দশ হাজার টাকা নিজের জন্য খরচ না করে করোনা সংকট কালে দরিদ্র ও অসহায়দের জন্য রাজশাহী সিটি মেয়রের ত্রান তহবিলে দান করেন। এই টাকা তিনি গত ৮ মে ২০২০ তারিখে সিটি মেয়র জনাব এ.এইচ.এম. খায়রুজ্জামান (লিটন) এর কার্যালয়ে গিয়ে নিজেই তার কাছে হস্তান্তর করে।



মাজিদুর রহমান নয়ন রাজশাহী জেলার পুঠিয়া উপজেলার বেলপুকুর ইউনিয়নের বাসিন্দা। লেখাপড়ার পাশাপাশি ছাত্ররাজনীতির সাথেও জড়িত। নেতৃত্ব দিচ্ছেন নিজ ইউনিয়ন বেলপুকুর ছাত্রলীগের সভাপতি হিসেবে। মনে প্রাণে ও আদর্শিক জায়গায় মুক্তিযুদ্ধ তার আদর্শ। আগ্রহ এবং দক্ষতার বিচারে রাজশাহী জেলা ছাত্রলীগের মুক্তিযোদ্ধা বিষয়ক সম্পাদকের দায়িত্বও পালন করে যাচ্ছে সফলতার সাথে। এলাকায় বিভিন্ন ছাত্রনেতাদের সমন্বয়ে ইয়ুথ এম্বাসেডরদের সাথেও কাজ করছেন সমন্বয় করে। জীবাণুনাশক স্প্রে, লিফলেট বিতরণ ও মাস্ক সরবরাহসহ বিভিন্ন কাজ করছেন বহুদলীয় উদ্যোগ হিসেবে।



করোনাযোদ্ধা নয়ন ঢাকাসহ দেশের বিভিন্ন জায়গা থেকে আসা মানুষের বাড়িতে গিয়ে অভিভাবকদের সাথে কথা বলছেন, কোয়ারেন্টাইনে থাকতে অনুরোধ করছেন এবং কোয়ারেন্টাইনে থাকা অবস্থায় খাদ্য ও প্রয়োজনীয় চিকিৎসা নিয়ে সমস্যা হলে পাশে থাকার আশ্বাস দিচ্ছেন, এছাড়াও সংশ্লিষ্ট এলাকার নেতৃত্ব স্থানীয় সহ সকল সাধারণ মানুষকে এ বিষয়ে সজাগ থাকতে অনুরোধ করেছেন।

নয়ন তার এলাকায় করোনা সংকটসহ মানুষের অন্যান্য সমস্যা মোকাবেলায় অনুকরণীয় হয়ে উঠছেন। তার সাধারণ প্রিয়ভাজনরা তার কাজের নানাভাবে প্রশংসাও করছেন। এমনি একটি ফেসবুক পোস্ট লিখেছেন মো: সারোউল্লাহ সারোয়ার সামি। তিনি মনে করেন, এলাকার উন্নয়ন বা সংকট মোকাবেলায় আমরা সবার অংশগ্রহণে বিশ্বাসী। আমাদের এভাবনার সূচনা ঘটিয়েছে দি হান্গার প্রজেক্ট এবং এসপিএল কার্যক্রম।

আবেগে নয় আনন্দে উৎফুল্ল হয়ে কথাগুলো লিখলাম ... আমি আমাদের বেলপুকুরিয়া ইউনিয়ন, পুঠিয়া থানার কিছু সংখ্যক নেতাদের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে ছাত্রলীগের শিক্ষালয় "মাজিদুর রহমান নয়ন ভাইকে "পিপড়া ভেবে তার কাছে একটু শিক্ষা অর্জন করুন" তাহলে অন্তত কিছু অসহায় অনাহারের পেটে এক মুঠো অন্ন যাবে। ... অনুরোধ করে বলছি নিজের স্বার্থ গুলোকে একটু কমিয়ে দিয়ে জননেত্রীর অনুদান গুলো দিয়ে নিজের পকেট খরচ, আত্মীয়তা না করে তুলে দেন ঐ সব বঞ্চিত মানুষের হাতে যারা তাকিয়ে আছে আমার, আপনার, আমাদের দিকে কিন্তু বলতে পারছে না বা বলেও কোন সুফল পাচ্ছে না। -সামি